



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
এইচআরএম ইউনিট
www.dshe.gov.bd
ঢাকা



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৬৪

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭

১৩ জুলাই ২০২০

বিষয়: মাঠ পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা বিষয়ে স্পষ্টীকরণ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা
এবং গৃহীত সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নতুন নির্দেশিকা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সময়ে সময়ে অনুরোধ করা হলেও মাঠ পর্যায়ে কোন কোন কার্যালয়ে এটি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না বলে প্রতীয়মান হয়েছে। অনেকেই যথাযথ গুরুত্ব না দিয়েই চুক্তি প্রস্তুত, স্বাক্ষর এবং ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ করছেন। উল্লেখ্য সরকারের ভিশন-মিশন বাস্তবায়ন এবং প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিতকল্পে এপিএ বাস্তবায়ন সরকারের উচ্চ পর্যায়ের একটি অতি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। কাজেই যথাযথভাবে চুক্তির কার্যক্রম নির্ধারণ, নম্বর বণ্টনে সতর্কতা অবলম্বন, যথাসময়ে চুক্তি স্বাক্ষর, লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকা এবং নিয়মিত অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা আবশ্যিক।

বর্ণিতাবস্থায় মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য নিম্নোক্ত বিষয়গুলো স্পষ্টীকরণ করা হলো-

ক) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র স্মারক নং ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.৩২ তারিখ: ১৭/০৬/২০২০ মোতাবেক -

(১) ২০২০-২১ অর্থবছরের এপিএ-র কার্যকারিতা অর্থবছরের সাথে মিল রেখে ০১লা জুলাই ২০২০ হতেই শুরু হবে।

(২) দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ ৩০ জুলাই ২০২০ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব অফিসের ২০২০-২১ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর সম্পন্ন করবে।

খ) “মাঠ পর্যায়ের কার্যালয়” বলতে, আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের কার্যালয়, চুক্তির আওতাভুক্ত সরকারি কলেজের অধ্যক্ষের কার্যালয়, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়-কে বুঝাবে।

গ) “চুক্তির আওতাভুক্ত সরকারি কলেজ” বলতে, যেসব সরকারি কলেজ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছে সেসব কলেজ-কে বুঝাবে।

ঘ) “দপ্তর/সংস্থা” বলতে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-কে বুঝাবে।

ঙ) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ তাদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত বিধি-বিধান, নির্দেশিকা ও কাঠামো অনুসরণ করবে (দপ্তর/সংস্থার বিধি-বিধান, নির্দেশিকা ও কাঠামো নয়)

চ) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য এ সংক্রান্ত নির্ধারিত বিধি-বিধান, নির্দেশিকা ও কাঠামোর সর্বশেষ সংস্করণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা আছে।

ছ) এপিএ সংক্রান্ত সর্বপ্রকার খসড়া/প্রতিবেদন চুক্তির আওতাভুক্ত সরকারি কলেজের অধ্যক্ষের কার্যালয়, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ যথাক্রমে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, আঞ্চলিক উপপরিচালকের (মাধ্যমিক) কার্যালয় ও জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন (মোউশি অধিদপ্তর বরাবর নয়)। তবে বিশেষ প্রয়োজন, সংশোধন, সহযোগিতা বা স্পষ্টীকরণের জন্য apa.dshe@gmail.com ঠিকানায় ই-মেইল করা যেতে পারে।

জ) এপিএ সংশ্লিষ্ট সকল ত্রৈমাসিক/ষাণ্মাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদনের সাথে আবশ্যিকভাবে প্রতিটি কার্যক্রমের জন্য ধারাবাহিক ও পৃথকভাবে প্রমাণক প্রেরণ করতে হবে। উপযুক্ত প্রমাণক না থাকলে কার্যক্রমটি অর্জিত হয়নি মর্মে বিবেচিত হবে এবং এ ধরনের কার্যক্রমের জন্য কোন নম্বর দাবী করা যাবে না।


ঝা) এপিএ সংশ্লিষ্ট সকল ত্ৰৈমাসিক/ষাম্মাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদনে প্রতিষ্ঠানের নিজস্ব কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য উভয় অংশের সম্পূর্ণ প্রতিবেদন দিতে হবে।

ঞ) এপিএ চুক্তি চূড়ান্ত স্বাক্ষরের পূর্বে খসড়া প্রস্তুতকারী কর্তৃপক্ষ চুক্তির খসড়াটি দ্বিতীয় পক্ষ (পরবর্তী কার্যালয়) এর নিকট যাচাই-বাছাইয়ের জন্য প্রেরণ করবেন। অপরপক্ষ যাচাই-বাছাই করে নির্ধারিত সময়ের মধ্যে ফলাবর্তক (ফিডব্যাক) দিবেন। অতঃপর চুক্তিটি স্বাক্ষরের জন্য চূড়ান্ত হবে।

ট) চুক্তিতে স্বাক্ষরকারী দ্বিতীয় পক্ষ (পরবর্তী কার্যালয়) সকল ত্ৰৈমাসিক/ষাম্মাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন মূল্যায়ন করে ফলাবর্তক (ফিডব্যাক) দিবেন। ষাম্মাসিক ও বার্ষিক অগ্রগতি মূল্যায়ন করে মাউশি অধিদপ্তরে রিপোর্ট আকারে প্রেরণ করবেন।

ঠ) পৃথক কোন নির্দেশনা না থাকলে এপিএ ক্যালেন্ডার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উল্লিখিত বিষয়াদির প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৩-৭-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) অধ্যক্ষ, এপিএ চুক্তির আওতাভুক্ত সকল সরকারি কলেজ
- ৩) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, (সকল)
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৬৪/১(১০)

তারিখ: ২৯ আষাঢ়, ১৪২৭
১৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) পিএ টু পরিচালক, কলেজ ও প্রশাসন
- ৫) অফিস কপি, এইচআরএম



১৩-৭-২০২০

আশেকুল হক
সহকারী পরিচালক-১